# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৩৯৫

১/ বিবিধ

আরবী

أفضل الأعمال بعد الإيمان بالله التودد إلى الناس

ضعيف

رواه الطبراني في الجزء الثاني من كتابه " مختصر مكارم الأخلاق " (ورقة 158 - مجموع الظاهرية - 81) ورقم (139 - طبعة المغرب) من طريق الوليد بن سفيان القطان البصري: حدثنا عبيد بن عمرو الحنفي عن علي بن زيد بن جدعان عن سعيد بن المسيب عن أبي هريرة مرفوعا

قلت: وهذا إسناد ضعيف، وله علتان

الأولى: ابن جدعان، فإنه ضعيف معروف به
والأخرى: عبيد بن عمرو الحنفي ضعفه الدارقطني والأزدي، قال الذهبي: " أورد له ابن عدي حديثين منكرين

قلت: وهذا أحدهما، ولفظه: " رأس العقل بعد.. " إلخ. وسيأتي برقم (3631) .
والحديث ذكره السيوطي في " الجامع الصغير " من رواية الطبراني في " المكارم "، وبيض له المناوي في " فيض القدير " فلم يتكلم عليه بشيء، وأما في " التيسير " فقال إسناده حسن

وهذا مما لا وجه له البتة كما يتبين للقارىء من التحقيق المتقدم، وهو من الأدلة الكثيرة على أن كتابه هذا ليس في الدقة وتحري الصواب ككتابه الأول الفيض "، بل هو في كثير من الأحيان، يخالف فيه تحقيقه في الأول. والمعصوم من عصمه الله عز وجل

বাংলা

১৩৯৫। আল্লাহর প্রতি ঈমান আনার পরে সর্বোত্তম আমল হচ্ছে মানুষের সাথে ভালোবাসার সম্পর্ক গড়ে তোলা।

হাদীসটি দুর্বল।

হাদিসটি ত্ববারানী "মুখতাসারু মাকারিমিল আখলাক" গ্রন্থে দ্বিতীয় খণ্ডে ওয়ালীদ ইবনু সুফুইয়ান আলকাত্তান বাসরী হতে, তিনি ওবায়েদ ইবনু আমর হানাফী হতে, তিনি আলী ইবনু যায়েদ ইবনে যাদায়ান হতে, তিনি সাঈদ ইবনুল মুসায়্যাব হতে, তিনি আবূ হুরাইরাহ (রাঃ) হতে মারফূ’ হিসেবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুটি কারণে দুর্বলঃ

১। ইবনু জাদ’য়ান, তিনি দুর্বল হিসেবে প্রসিদ্ধ।

২। ওবায়েদ ইবনু আমর হানাফীকে দারাকুতনী ও আযদী দুর্বল আখ্যা দিয়েছেন। হাফিয যাহাবী বলেনঃ ইবনু আদী তার দুটি মুনকার হাদীস উল্লেখ করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এটি সে দুটির একটি। তার ভাষাটি (৩৬৩১) নম্বরে আলোচিত হবে।

হাদীসটিকে সুয়ূতী "আলজামেউস সাগীর" গ্রন্থে ত্ববারানীর "আলমাকারিম" গ্রন্থের বর্ণনা থেকে উল্লেখ করেছেন। মানবী “ফায়যুল কাদীর” গ্রন্থে হাদীসটি সম্পর্কে কোন মন্তব্য করেননি। তবে তিনি “আততায়সীর” গ্রন্থে বলেছেনঃ হাদীসটির সনদ হাসান!

অথচ হাদীসটি কোনক্রমেই হাসান হতে পারে না পাঠকের নিকট পূর্বের আলোচনা থেকেই তা স্পষ্ট হয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72274

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন